দৈনিক ইত্তেফাক

134

তারিখ: 03 AUG 1992 পৃষ্ঠা: ৩ কলাম: ৬

# ক্যাম্পাসে সহঅবস্থান নিশ্চিতের লক্ষ্যে কমিটি গঠন

ইত্তেফাক রিপোর্ট ॥ ক্যাম্পাসে ছাত্র সংগঠনগুলির মধ্যে সহাবস্থানের পরিবেশ নিশ্চিত করা এবং ছাত্রলীগের (ম-ই) আভ্যন্তরীণ দ্বন্দ্ব মিটানোর লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল (রবিবার) এক জরুরী সভায় একটি

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে

(১ম পৃঃ পর)

কমিটি গঠন করিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এই কমিটির প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রক্টর এবং সকল হলের প্রভোষ্টবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতি পর্যালোচনা করিয়া বলা হয়, ১৯শে জুলাই সুজিত কুমার রায় ও আব্দুল ওয়াদুদ নামে ২ জন ছাত্র এবং ২২শে জুলাই আলাউদ্দিন নামে অপর একজন ছাত্রকে জহুরুল হক হলে অবস্থানকারী ছাত্রলীগের কর্মীরা প্রহার করে। অপরদিকে সলিমুল্লাহ হলে ছাত্রলীগের যে অংশটি অবস্থান করিতেছে সেই অংশের কর্মীরা ফুলার রোড আবাসিক এলাকা হইতে ২৮শে জুলাই, ২৯শে জুলাই, ৩১শে জুলাই এবং ১লা আগষ্ট জহুরুল হক হল লক্ষ্য করিয়া গুলী ছোঁড়ে। ১লা আগষ্ট কলাভবন এলাকায় ছাত্রলীগের দুই অংশের মধ্যে দেড় ঘন্টা ধরিয়া গোলাগুলী হয়। বর্তমানের পরিস্থিতি দেখিয়া মনে হয়, ক্যাম্পাসে যে কোন মুহূর্তে প্রাণহানি ঘটিতে পারে।